



## পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ)

প্রশাসন বিভাগ

প্রধান কার্যালয়

বাড়ী নং-০৫, এভিনিউ-০৩, কমার্স কলেজ রোড, মিরপুর-২, ঢাকা-১২১৬

www.pdbf.gov.bd



স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১০.৩১.২০৩৩.০৫-২২৯৮

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ ব.  
২৯ মে, ২০২৩ খ্রি.

### অফিস আদেশ

পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), জামালপুর সদর কার্যালয়, জামালপুর অঞ্চলে কর্মরত সিনিয়র মাঠ কর্মকর্তা, জনাব মুহাম্মদ ওবায়দুল করিম হীরা (পরিচিতি #০৩৪০০) এর পবিত্র হজ্জ পালনের জন্য সৌদি আরব গমনের উদ্দেশ্যে তাঁর আবেদন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের সুপারিশের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে ৩০/০৫/২০২৩ খ্রি. তারিখ হতে ১৮/০৭/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ থেকে মোট ৫০ (পঞ্চাশ) দিন পূর্ণ গড় বেতনে অর্জিত ছুটি মঞ্জুরসহ বহির্গমনের অনুমতি প্রদান করা হলো:

#### শর্তসমূহ:

- বিদেশ ভ্রমণকালীন সকল ব্যয় তিনি নিজস্ব উৎস হতে বহন করবেন;
- তিনি দেশীয় মুদ্রায় তাঁর বেতন ভাতাদি গ্রহণ করবেন;
- কোনক্রমেই মঞ্জুরীকৃত ছুটির অতিরিক্ত ভোগ করা যাবে না;
- নির্ধারিত ছুটি শেষে তিনি কর্মস্থলে যোগদান করবেন।

উক্ত ছুটি মঞ্জুর করার ফলে তাঁর অনুকূলে ১৮/০৭/২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত (৪৬৩-৫০) = ৪১৩ (চারশত তের) দিন অর্জিত ছুটি পাওনা থাকবে।

কর্তৃপক্ষের সদয় অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।




(মো: সহিদ হোসেন সেলিম)  
যুগ্ম-পরিচালক  
প্রশাসন বিভাগ

স্মারক নং- ৪৭.৬৬.০০০০.০১০.৩১.২০৩৩.০৫-২২৯৮

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩০ ব.  
২৯ মে, ২০২৩ খ্রি.

#### সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি:

১. মহা-পরিচালক, বহির্গমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
২. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা, বেনাপোল স্থল বন্দর, শার্শা, যশোর/ভোমরা স্থল বন্দর, সাতক্ষীরা/বুড়িমারী স্থল বন্দর, লালমনিরহাট/হিলি স্থলবন্দর, হাকিমপুর, দিনাজপুর/দর্শনা স্থলবন্দর, চুয়াডাঙ্গা/সোনা মসজিদ স্থল বন্দর, চাঁপাই নবাবগঞ্জ/আখাউড়া স্থলবন্দর, ব্রাহ্মনবাড়ীয়া/বিলোনিয়া স্থল বন্দর, ফেনী তামাবিল স্থলবন্দর, সিলেট/বাংলাবান্দা স্থলবন্দর, তেঁতুলিয়া, পঞ্চগড়।
৩. বিভাগীয় প্রধান, মাঠ পরিচালন/অর্থ, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. যুগ্ম-পরিচালক, তথ্য প্রযুক্তি, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা। (ওয়েব সাইটে আপলোডের অনুরোধসহ)
৫. উপপরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), জামালপুর অঞ্চল।
৬. এক্সিকিউটিভ সেক্রেটারী, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, জামালপুর সদর, পিডিবিএফ, জামালপুর অঞ্চল।
৮. জনাব মুহাম্মদ ওবায়দুল করিম হীরা (পরিচিতি #০৩৪০০), জামালপুর সদর, পিডিবিএফ, জামালপুর অঞ্চল।
৯. জনাব মো: নুরুল আমিন#০৩৫৯০, মাঠ কর্মকর্তা (সেলপ) ও মো: আজিজুর রহমান#০৪৩২৩, হিসাব কর্মকর্তা, জামালপুর সদর, পিডিবিএফ, জামালপুর অঞ্চল (জনাব মুহাম্মদ ওবায়দুল করিম হীরা ছুটি হতে কর্মস্থলে যোগদান না করা পর্যন্ত নিজ দায়িত্বের পাশাপাশি অতিরিক্ত তাঁর ব্লকের দায়িত্ব পালনের জন্য বলা হলো)।
১০. নথি রক্ষক, প্রশাসন বিভাগ, পিডিবিএফ, প্রধান কার্যালয়, ঢাকা (নথিতে সংরক্ষণের জন্য)।

  
২৯/০৫/২৩  
(সুইটি আখতার)  
অফিস সহকারী  
প্রশাসন বিভাগ